মাতারা

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 359305

Admissible U/R 21duly stamped (or exempt from or dose not requirs stamp duly) under the Indian Stamp Act 1899

Fees Paid.............................................

District Sub-Registrar
Purba Medinipur
TAMLUK

- 5 SEP 2014

# বিক্রয় কোবালা

জেলা - পূর্ব মেদিনীপুর

থানা - তমলুক, তমলুক মিউনিসিপ্যালিটী

**মৌজা -শঙ্করআড়া, জে. এল. নং - ২৭৭**

আর.এস. ২১৪ নং খতিয়ান

এল. আর. ৭৮৭ নং খতিয়ানে

আর. এস. ৩৫০, ৩৫১ ও $\frac{৩৫১}{৭২৬}$ দাগ যাহা এল.আর.

৪৯৭ দাগে গৃহহীন কালা বাস্তু ভূমি মাপসুরত ১.৪৬৪ ডেসিমল

যাহা রেকর্ড মতে ১.৭২৯ ডেসিমল

জমা-১০ টাকা, আদান প্রদান মূল্য ৫,১২,৪০০ টাকা।

সরকারী ধার্য্য মূল্য ১৬,৪৯,৪৬৬ টাকা।

**ক্রেতা ঃ-**

**শ্রীমতী শুভ্রা অধিকারী (সাহা)**

স্বামী - শ্রী সন্দীপ সাহা

জাতি - হিন্দু (ভারতীয় নাগরিক)

পেশা - গৃহকর্ম্মাদি

সাং -খেজুরবেড়্যা, পোঃ ও থানা - নন্দকুমার

জেলা - পূর্ব মেদিনীপুর।

**বিক্রেতা ঃ-**

**শ্রী শ্যামাপদ মাইতি।**
পিতা - স্বর্গীয় ধরনীধর মাইতি।
জাতি - হিন্দু , (ভারতীয় নাগরিক)
পেশা - ব্যবসাদি
সাকিন - শঙ্করআড়া, পোঃ ও থানা - তমলুক
জেলা - পূর্ব মেদিনীপুর।
Pan No. - ADSPN4635J

কস্য রায়ত স্থিতিবান স্বত্বের গৃহহীন বাস্তু ভূমির বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে।

জেলা পূর্ব মেদিনীপুরের অন্তর্গত থানা, পরগনা ও অতিরিক্ত জেলা অবর নিবন্ধন অফিস তমলুকের অধীন, তমলুক মিউনিসিপ্যালটির অন্তর্গত, **২৭৭ নং জে. এল. ভুক্ত শঙ্করআড়া মৌজায়** আর.এস. ২১৪ নং খতিয়ানে আর. এস. ৩৫০, ৩৫১ ও $\frac{৩৫১}{৭২৬}$ দাগে ৩.৬০০ ডেসিমল সম্পত্তি আমি আমার অন্যান্য স্বরীকগনের সহিত বাং সন ১৩৯২ সালের ১১ই ফাল্গুন ইং সন ১৯৮৬ সালের ২৩শে ফেব্রুয়ারী তারিখে লিখিত ও সম্পাদিত তমলুক সাব রেজিষ্ট্রী অফিসে ইং ১২/০৫/১৯৮৬ তারিখের রেজিষ্ট্রীকৃত ১৯৮৬ সালের ২৭৫৫ নং পার্টিশান দলিলে দ্বিতীয়পক্ষ রূপে এবং উক্ত পার্টিশান দলিলের (খ) তপশীলে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি সহ আরও অন্যান্য সম্পত্তি প্রাপ্ত হইয়া এতাবৎ স্বত্ববান ও দখলকার রহিয়াছি ও সন সন ধার্য্যকৃত খাজনাদি আদায় দিয়া চেক দাখিলা প্রাপ্ত হইয়া আসিতেছি।

বর্তমান এল. আর. সেটেলমেন্টে আর. এস. সেটেলমেন্টে ৩৫০, ৩৫১ ও $\frac{৩৫১}{৭২৬}$ দাগ যাহা এল. আর.৪৯৭ দাগ মর্ম্মে পরিবত্তিত হইয়া আমার নামে ৭৮৭ নং খতিয়ানে ১০০০০ অংশে ৩.৬০০ ডেসিমল মর্ম্মে রেকর্ড হইয়াছে।

আমার স্বত্ব দখলী এল. আর. ৭৮৭ নং খতিয়ানে আর. এস. ৩৫০, ৩৫১ ও $\frac{৩৫১}{৭২৬}$ দাগ যাহা এল. আর. ৪৯৭ দাগে কালা বাস্তু ভূমি ৩.৬০০ ডেসিমল মধ্যে অত্র দলিলে সন্নিবেশিত হাতনক্সায় প্রদর্শিত মাপসুরত (খ) চিহ্নিত ক্ষেত্র ২১৩.৭৫ বর্গফুট ও (খ/১) চিহ্নিত ক্ষেত্র ৪২৪.১২৫ বর্গফুট একুনে মোট ৬৩৭.৮৭৫ বর্গফুট বা ১.৪৬৪ ডেসিমল যাহা রেকর্ড মতে ১.৭২৯ ডেসিমল সম্পত্তি অত্র বিক্রয় কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার আদান প্রদান মূল্য ৫,১২,৪০০ (পাঁচ লক্ষ বার হাজার চার শত) টাকা, সরকারী ধার্য্য মূল্য ১৬,৪৯,৪৬৬ (ষোল লক্ষ ঊনপঞ্চাশ হাজার চার শত ছেষট্টি) টাকা হইতেছে।

এক্ষনে আমার অন্যত্র সম্পত্তি খরিদ করিবার জন্য টাকার আবশ্যক হওয়ায় অন্য কোন উপায়ে টাকা সংগ্রহ করিতে অনন্যোপায় হইয়া নিম্ন তপশীল বর্নিত ১.৪৬৪ (এক দশমিক চার ছয় চার) ডেসিমল সম্পত্তি বিক্রয়ের ঘোষনা করিলে আপনি বাজার যাচাই সর্বোচ্চ পণ মূল্য মং ৫,১২,৪০০ (পাঁচ লক্ষ বার হাজার চার শত) টাকায় খরিদ করিতে স্বীকৃত ও সম্মত হইয়াছেন। আমি আপনাকে উক্ত সম্পত্তি বিক্রয় করিতে সম্মত হইয়াছি। তদ্ অনুযায়ী আমি নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি মং ৫,১২,৪০০ (পাঁচ লক্ষ বার হাজার চার শত) টাকা পণ মূল্যে আপনাকে বিক্রয় করিয়া দিয়া এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমি ওয়ারীশ ও স্থলাভিষিক্তগনক্রমে চিরতরে নিঃস্বত্ববান ও দখলহীন হইলাম। অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমি আপনাকে ওয়ারীশ ও স্থলাভিষিক্তগনক্রমে স্বত্বাধিকারিনী করিলাম ও দখল দিলাম। আপনি অত্র দলিল খানি সরকারী মালিক সেরেস্তায় দর্শাইয়া আমার নাম খারিজ করিয়া আপনার নিজ নাম পত্তনে ধার্য্যকৃত খাজনাদি আদায় দিয়া দাখিলা প্রাপ্তে দান বিক্রয় দায় সংযোগ আদি সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা প্রাপ্তে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার কোন ওয়ারীশ কখনও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়াদী করিতে পারিব না বা করিতে পারিবে না, করিলে তাহা আইন আদালত সর্ব্ব স্থানে বাতিল হইবে। আমার বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে কোন প্রকার দায় সংযোগ বা হস্তান্তর আদি করি নাই। নির্দ্দায়, নির্দোষ ও মুক্ত অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম।

আমার স্বত্বের খর্ব্বতা হেতু বিক্রীত সম্পত্তি হইতে বা ইহার কোন অংশ হইতে আপনি বা আপনার কোন ওয়ারীশ বেদখল হইলে বেদখলী সম্পত্তির সমসাময়িক হারাহারি পণমূল্য তৎসহ যাবতীয় ক্ষতি পূরন ওয়ারীশ গনক্রমে আদায় দিতে বাধ্য থাকিলাম।

বিক্রীত সম্পত্তির সঠিক অবস্থান নির্নয়ের জন্য অত্র দলিলের সহিত একখানি হাতনক্সা সন্নিবেশিত করা হইল। উক্ত হাতনক্সা অত্র দলিলের একাংশ হিসাবে গন্য হইবে।

অত্র দলিলের পোষকার্থে আমার নামিত দলিলের জেরক্স কপি ও রেকর্ডের জেরক্স কপি আপনার অনুকূলে হাওলা দিলাম।

এতদর্থে সুস্থ শরীরে,সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় সাক্ষীগনের সাক্ষাতে লেখক দ্বারা অদ্য অত্র দলিল লেখাইয়া অদ্য অত্র দলিল খানি আমি পাঠ করিয়া ইহার সার মর্ম্ম ও ভাবী ফলাফল সম্যক অবগত হইয়া কাহারও দ্বারা কোন ভাবে প্ররোচিত,উৎপীড়িত বা প্রভাবিত না হইয়া স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে,সুস্থ মস্তিষ্কে, পণ মূল্যের সমূহ টাকা সাক্ষীগন সাক্ষাতে আপনার নিকট হইতে এককালীন নগদে বুঝিয়া পাইয়া অদ্য আপনার নাম বরাবর আপনার অনুকূলে অত্র সাফ বিক্রয় কোবালাপত্র সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি –

**ইং সন - ২০১৪ ( দুই হাজার চৌদ্দ ) সাল তারিখ -৫(পাঁচই) সেপ্টেম্বর।**

**বাং সন - ১৪২১ (চৌদ্দ শত একুশ) সাল তারিখ -১৯(উনিশে) ভাদ্র।**

## তপশীল বিক্রীত সম্পত্তির বিবরন

জেলা পূর্ব মেদিনীপুরের অন্তর্গত থানা, পরগনা ও অতিরিক্ত জেলা অবর নিবন্ধক অফিস তমলুকের অধীন, তমলুক মিউনিসিপ্যালটির অন্তর্গত, **২৭৭ নং জে. এল. ভুক্ত শঙ্করআড়া মৌজায়** আর.এস.২১৪ (দুই শত চৌদ্দ) নং খতিয়ান, এল. আর. ৭৮৭ (সাত শত সাতাশি) নং খতিয়ানে –

**আর. এস. ৩৫০ দাগ যাহা এল. আর. ৪৯৭ দাগে** গৃহহীন বাস্তুভূমি ১.০০০০ অংশে ৩.৬০০ ডেসিমল মধ্যে **০.৫৭৬ ডেসিমল।**

**আর. এস. ৩৫১দাগ যাহা এল. আর ৪৯৭ দাগে** গৃহহীন বাস্তুভূমি ১.০০০০ অংশে ৩.৬০০ ডেসিমল মধ্যে **০.৫৭৬ডেসিমল।**

**আর. এস. ৩৫১/৭২৬ দাগ যাহা এল. আর. ৪৯৭ দাগে** গৃহহীন বাস্তুভূমি ১.০০০০ অংশে ৩.৬০০ ডেসিমল মধ্যে **০.৫৭৭ ডেসিমল।**

---

মোট রেকর্ড মতে ১.৭২৯ (এক দশমিক সাত দুই নয়) ডেসিমল।

---

**যাহা আর. এস . ৩৫০ (তিন শত পঞ্চাশ), ৩৫১ (তিন শত একান্ন) ও ৩৫১/৭২৬ (তিন শত একান্ন দাগ এর বাটা সাত শত ছাব্বিশ) দাগ যাহা এল. আর. ৪৯৭ (চার শত সাতানব্বই) দাগে** কালা বাস্তু ভূমি ১০০০০ অংশে ৩.৬০০ ডেসিমল মধ্যে অত্র দলিলে সন্নিবেশিত হাতনক্সায় প্রদর্শিত (খ) চিহ্নিত ক্ষেত্র যাহার উত্তর বাহু ২০ ফুট, দক্ষিন বাহু ১৮ ফুট, পূর্ব বাহু ১১ ফুট, পশ্চিম বাহু ১১ ফুট ৬ ইঞ্চি, **সারাকালি ২১৩.৭৫ বর্গফুট ও (খ/১) চিহ্নিত ক্ষেত্র** যাহার উত্তর বাহু ২১ ফুট, দক্ষিন বাহু ২২ ফুট ৬ ইঞ্চি, পূর্ব বাহু ১৯ ফুট, পশ্চিম বাহু ২০ ফুট, সারাকালি ৪২৪.১২৫ বর্গফুট, (খ) ও (খ/১) চিহ্নিত ক্ষেত্রের মোট **সারাকালি মাপসুরত ৬৩৭.৮৭৫ বর্গফুট বা ১.৪৬৪ (এক দশমিক চার ছয় চার) ডেসিমল গৃহহীন বাস্তু যাহা রেকর্ড মতে ১.৭২৯ ডেসিমল।**

**উত্তর** -এল.আর. ৪৯৭ দাগ। **দক্ষিন** - এল.আর. ৫০৪ দাগ।

**পূর্ব** - এল.আর. ৫০৫ দাগ। **পশ্চিম** - এল.আর. ৪৯৮ দাগ।

---

**মোট বিক্রীত সম্পত্তির পরিমান মাপসুরত ১.৪৬৪(এক দশমিক চার ছয় চার) ডেসিমল গৃহহীন বাস্তু ভূমি যাহা রেকর্ড মতে ১.৭২৯ ডেসিমল। খাজনা ১০ টাকা, সরকারী ধার্য্য মূল্য ১৬,৪৯,৪৬৬ (যোল লক্ষ উনপঞ্চাশ হাজার চার শত ছেষট্টি) টাকা, আদান প্রদান বিক্রয় মূল্য ৫,১২,৪০০(পাঁচ লক্ষ বার হাজার চার শত) টাকা।**

---

ক্রেতা (শ্রীমতী শুভ্রা অধিকারী সাহা) নিম্নোক্ত ফটো সহ টিপ ছাপগুলি আমার -

Subhra Adhikari (Saha)

| | বৃদ্ধাঙ্গুলি | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | |
| ডানহস্ত | | | | | |



Subhra Adhikari (Saha)

বিক্রেতা (শ্রী শ্যামাপদ মাইতি) নিম্নোক্ত ফটো সহ টিপ ছাপগুলি আমার -

| | বৃদ্ধাঙ্গুলি | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | |
| ডানহস্ত | | | | | |



অত্র জোতের মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বি. এল. এ্যান্ড এল. আর.ও তমলুক- ১

পোঃ - নাইকুড়ি, থানা - তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর।

অত্র দলিল এ্যাডভোকেট বাবুর খসড়া অনুযায়ী ও নির্দেশ মতে কম্পিউটারে মূদ্রন করাইলাম এবং দলিল খানি পুনঃ পুনঃ পাঠ করিয়া বায়াকে বুঝাইয়া দিলাম। ইতি-

শ্রী শক্তিপ্রসাদ সানকী

**শ্রী শক্তিপ্রসাদ সানকী**

ল'ক্লার্ক

তমলুক জেলা জজ্ আদালত

Enrolment No- ১৩৬৩/৯০১/৫৪০৬

**মুসাবিদাকারক**

Kajal Kumar Basu
Advocate

Enrl. No- F-2184/1911/2011

**ইসাদি**

১। শ্রী শক্তিপ্রসাদ সানকী
[illegible]

২। Ashis Bag
Bahadurpur
Bhupatinagar

৩। [illegible]
[illegible]

**কম্পিউটার লিপি কারক**

Buddhadev Goswami


বুদ্ধদেব গোস্বামী

সাং-গোবিন্দপুর, পোঃ-রাধাবল্লভপুর,

থানা-তমলুক, জেলা-পূর্ব মেদিনীপুর।

কৈঃ অত্র দলিলে ৩(তিন) জন সাক্ষী এবং স্ট্যাম্প কাগজ সহ মোট ৬ষ্ঠ পৃষ্ঠায় শেষ হইল।

[illegible]




মৌজা - ...
জে: এল, নং - ২৭৭
থানা - তমলুক,
জেলা - পূর্ব মেদিনীপুর -
R.S. দাগ নং:- ৬৫০, ৬৫১, ৬৫১/৭২৬
" " L.R. - ৪৬৭
সরেজমিন দখলানুসারে ম্যাপ -
বিক্রীত - ভূমির - নক্সা
(Not - to scale)

বিক্রীত - ভূমি

ক্রেতা — শ্রী মতী ... সাহু, স্বামী শ্রী ... সাহু,

দাগ নং:- R.S. - ৬৫০, ৬৫১, ৬৫১/৭২৬ } ...
" " - L.R. - ৪৬৭

হস্তান্তরিত বিক্রীত (ক) প্লট - উ:- ২০'-০" দ:- ২৮'-০" / পু:- ২২'-০" প:- ২২'-৬" } ক্ষেত্রফল বর্গফুট = ৫২৬.৭৫ "

" " (খ) " উ:- ২৩'-০" দ:- ২২'-৬" / পু:- ১৯'-০" প:- ২৪'-০" } = ৪২৪.৯২৫ "

মোট = ৯৫১.৬৭৫ "
= ২.১৮৪ ডে: (প্রায়...)
বাঃ মতে = ২.১২৩ ডে:

Asok Kumar Halder
Surveyor,
Lic No 234

ASOK KR HALDER
Surveyor
Lic No 234
Tamluk Purba Medinipur

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R. - I PURBA MIDNAPORE, District- Purba Midnapore
Signature / LTI Sheet of Serial No. 05864 / 2014, Deed No. (Book - I , 05965/2014)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Shyamapada Maity Village:Sankarara, Thana:-Tamluk, P.O. :-Tamluk, District:-Purba Midnapore, WEST BENGAL, India, |  05/09/2014 |  LTI 05/09/2014 | |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Shyamapada Maity Address -Village:Sankarara, Thana:-Tamluk, P.O. :-Tamluk, District:-Purba Midnapore, WEST BENGAL, India, | Self |  05/09/2014 |  LTI 05/09/2014 | |

**Name of Identifier of above Person(s)**
Sakti Prasad Sanki
Village:Kapasberya, Thana:-Tamluk, P.O. :-Ganjanarayanpur, District:-Purba Midnapore, WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**

(Malay Kanti Das)
DISTRICT SUB-REGISTRAR
Office of the D.S.R. - I PURBA MIDNAPORE

 05/09/2014

## Government Of West Bengal
Office Of the D.S.R. - I PURBA MIDNAPORE
District:-Purba Midnapore

### Endorsement For Deed Number : I - 05965 of 2014
(Serial No. 05864 of 2014 and Query No. 1101L000011178 of 2014)

**On 05/09/2014**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 18178.00/-, on 05/09/2014

( Under Article : A(1) = 18139/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on 05/09/2014 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-16,49,466/-

Certified that the required stamp duty of this document is Rs.- 98978 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 45000/- is paid , by the draft number 224035, Draft Date 01/09/2014, Bank : State Bank of India, TAMLUK, received on 05/09/2014
2. Rs. 48980/- is paid , by the draft number 224037, Draft Date 01/09/2014, Bank : State Bank of India, TAMLUK, received on 05/09/2014

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 14.00 hrs on :05/09/2014, at the Office of the D.S.R. - I PURBA MIDNAPORE by Shyamapada Maity ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 05/09/2014 by

1. Shyamapada Maity, son of Lt Dharanidhar Maity , Village:Sankarara, Thana:-Tamluk, P.O. :-Tamluk, District:-Purba Midnapore, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Business

   Identified By Sakti Prasad Sanki, son of Lt Gourhari Sanki, Village:Kapasberya, Thana:-Tamluk, P.O. :-Ganjanarayanpur, District:-Purba Midnapore, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Others.

( Malay Kanti Das )
**DISTRICT SUB-REGISTRAR**

Government Of West Bengal

Office Of the D.S.R. - I PURBA MIDNAPORE

District:-Purba Midnapore

Endorsement For Deed Number : I - 05965 of 2014

(Serial No. 05864 of 2014 and Query No. 1101L000011178 of 2014)

( Malay Kanti Das )
DISTRICT SUB-REGISTRAR

( Malay Kanti Das )
DISTRICT SUB-REGISTRAR

05/09/2014 2:40:00 PM

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 28
Page from 2160 to 2171
being No 05965 for the year 2014.

(Malay Kanti Das) 05-September-2014
DISTRICT SUB-REGISTRAR
Office of the D.S.R. - I PURBA MIDNAPORE
West Bengal